গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন সংক্রান্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মো: হামিদুল হক, পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ০৭ জুলাই ২০২২
সময় : সকাল ১১:০০ ঘটিকা
জুম আইডি : 4016395771
পাসকোড : dpeimd

**আলোচ্য বিষয়:**

১। মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক;

২। আওতাধীন দপ্তর/সংস্থা ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা;

৩। বিবিধ।

(সভার হাজিরা সংশ্লিষ্ট ছবি পরিশিষ্ট-ক)

সভাপতি ও পরিচালক (প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় সকল বিভাগীয় উপপরিচালক ও কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যথাসময়ে সংযুক্ত হওয়ায় সভাপতি তাঁদের ধন্যবাদ জ্ঞাপন করেন। বিভাগীয় উপপরিচালকগণ কর্তৃক প্রেরিত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর শিক্ষা অফিসার (প্রশাসন) কে নির্দেশনা দিলে তিনি তা উপস্থাপন করেন। কার্যক্রমগুলো নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম: | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক; | বিভাগীয় উপপরিচালকগণ যথাসময়ে ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন (এপ্রিল-জুন/২০২২) প্রেরণ করেছেন মর্মে সভায় অবহিত করা হয়। সভায় সকল বিভাগের অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করা হয়। প্রতিবেদন মোতাবেক বিভাগ পর্যায়ের যে সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করা হয়নি সেগুলো বাস্তবায়নের নিমিত্ত আলোচনা করা হয়। ৮টি বিভাগের কার্যক্রম বিশ্লেষণপূর্বক নিম্নে উল্লেখযোগ্য কার্যক্রমগুলো উপস্থাপন করা হলো: | বিভাগ পর্যায়ের ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত ফিডব্যাক সভার নির্দেশনা মোতাবেক অগ্রগতির প্রতিবেদন পরিমার্জন করে আগামী ১৩/০৭/২০২২ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে এবং স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |

| বিভাগের নাম | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি ও নির্দেশনা |
|---|---|---|---|
| ঢাকা | কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% বাস্তবায়িত | প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। |
| রাজশাহী | ১.৬ ক্রমিকের কার্যক্রম সংক্রান্ত তথ্য সরকারি ছুটি জনিত বিলম্বে আপলোড করা হয়েছে। ২.২ ক্রমিকে অর্জনের ঘর | ৯৯% বাস্তবায়িত | লক্ষ্যমাত্রা অর্জনে সকল কার্যক্রমে অগ্রগতি লিপিবদ্ধ করতে হবে। লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে নির্ধারিত তারিখে অফিস বন্ধ থাকলে নির্দিষ্ট তারিখের পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রমানকসমূহ নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | পূরন করা হয়নি। | | ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | খুলনা | সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়িত। | ১০০% বাস্তবায়ন | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | বরিশাল | ১.৪ ক্রমিকের লক্ষ্যমাত্রা ও অর্জন নির্ধারণ সঠিক হয়নি। | ১২ ও ১৩ নং কলাম যথাযথভাবে পূরণ করা হয়নি। ছকে তথ্য সংশোধন আবশ্যক | প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | রংপুর | ১.৩ ক্রমিকের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সংখ্যায় লিপিবদ্ধ করা হয়নি। | ১২ ও ১৩ নং কলাম যথাযথভাবে পূরণ করা হয়নি। ছকে তথ্য সংশোধন আবশ্যক | ১.৩ অর্জনের ঘরে বাস্তবায়ন অগ্রগতি লিপিবদ্ধ করতে হবে। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | সিলেট | কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% বাস্তবায়িত | প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | চট্টগ্রাম | কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% বাস্তবায়িত | প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | ময়মনসিংহ | কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% বাস্তবায়িত তবে অর্জিতমান ছকে লিপিবদ্ধ করা হয়নি | অর্জিতমান নির্ধারিত নম্বরে লিপিবদ্ধ করতে হবে। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ২ | আওতাধীন দপ্তর/সংস্থা ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা; | বিভাগ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সকল বিভাগ থেকে ইতোমধ্যে পাওয়া গেছে মর্মে সভায় অবহিত করা হয়। কর্মপরিকল্পনা মোতাবেক এর কার্যক্রমসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নে সচেষ্ট হওয়ার জন্য সভাপতি বিভাগীয় উপপরিচালকদের নির্দেশনা প্রদান করেন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে ১ম ত্রৈমাসিকে সকল কার্যক্রম শতভাগ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) এর কার্যক্রমসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |

৩। বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

07.7.2022

মো: হামিদুল হক
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫৭৪৮২৯
ই-মেইল: diradmindpe@gmail.com

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৩.২১ (পার্ট-২)- ১৪১ তারিখ: ২৩ আষাঢ়, ১৪২৯ / ০৭ জুলাই, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ/ সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোডের অনুরোধসহ)।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল) জেলা।
৪। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-4 এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি।

07/07/22

মোহাম্মদ নজরুল ইসলাম
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)